

General Certificate of Secondary Education



BENGALI
Speaking Test
Teacher's Booklet

SPECIMEN PAPERS

Contents

Pages

- Instructions for the Conduct of the Tests
- Sets of contexts for Conversation

2-3

4-8

AT THIS POINT	RECORD THIS	DO THIS
At the start of each new recording	'GCSE _____ Examination, 20 Centre No. _____'	
At the start of each candidate's test.	'Candidate No. _____, _____ (name of candidate)', Conversation Card _____	Do not stop or pause the test during the recording.
At the end of each candidate's test.	'End of test'	Check that the test has been recorded clearly and audibly.
After the last candidate's test.	'End of recording'.	

The instructions opposite are just a checklist. For the complete instructions, refer to the booklet *Modern Foreign Languages – Instructions for the 2011 Examinations*, which is issued to all centres in the Spring Term.

**SETS OF CONTEXTS AND SUGGESTED QUESTIONS
FOR CONVERSATIONS**

- Teachers should conduct a conversation on at least **two** of the following contexts. Suggested questions are given as a guide only.
- The conversation should last for **not less than six minutes and not more than eight minutes.**

Free Time and the Media

- ১ অবসর সময়ে বাড়িতে তুমি কিভাবে সময় কাটাও? তোমার কী করতে সবচেয়ে ভালো লাগে? ভাইবোনের সঙ্গে কী করো?
- ২ পরিবারের সাথে কখনো বাইরে যাও? কবে গিয়েছিলে? কি কি করেছিলে? যদি বন্ধুর সাথে বাইরে যাও, তা হলে কি কি করবে?
- ৩ বাজারে গেলে তোমার নিজের জন্যে কি কি কিনবে? কার সঙ্গে বাজারে যাও? তোমার পরিবারে কে বেশি ফ্যাশন জানে বা সাজগোজ করে? তার কথা বলো।
- ৪ মনে করো, তুমি বন্ধুদের নিয়ে সিনেমায় যাবে – কার কাছে টাকা চাইবে? কে তোমাকে হাত খরচার টাকা দেয়?
- ৫ তুমি কতো ঘণ্টা টেলিভিশন দেখো। প্রিয় প্রোগ্রাম কী? কখনো রেডিও শোনো? কম্পিউটারে কাজ করতে তোমার কেমন লাগে? স্কুলে বা বাড়িতে তুমি কম্পিউটারে কি কি করো? কম্পিউটারে কাজ করার সুবিধা-অসুবিধা কি কি?

Current and Future Jobs

- ১ তুমি কি কোনো পার্টটাইম কাজ করতে চাও? পেলে, কোথায় কাজ করতে চাইবে? কি ধরনের কাজ, কতো ঘণ্টা করবে? এর আগে তুমি কোনো কাজ করেছো?
- ২ তোমার বাড়িতে কে কে কাজ করে? কতো ঘণ্টা কাজ করে? কখন কাজে যায়? কি কাজ করে?
- ৩ কাজে আনন্দ, না টাকা – কোনটা তোমার কাছে মূল্যবান মনে হয়? বুঝিয়ে বলো। তোমার মতে, কাজের জায়গার পরিবেশ কেমন হওয়া উচিত?
- ৪ ঠিক সময়ে কাজে যাওয়া উচিত কেন? কাজে যাওয়ার সময়ে পথে যদি দেরি হয়, তা হলে তুমি কী করবে? সহকর্মীদের কাছ থেকে তুমি কী আশা করো?
- ৫ কোন কোন মানুষ অনেক রকমের কাজ জানে? – এ বিষয়ে তোমার মত কি? কি কি সুবিধা অথবা অসুবিধা আছে? গুছিয়ে বলো।

School / College and Future Plans

- ১ তোমার স্কুলের কথা বলো। কি কি বিষয় পড়াশোনা করো? সেখানে পড়াশোনা ছাড়া কি কি করানো হয়। তুমি কী করতে বেশি পছন্দ করো?
- ২ ভবিষ্যতে কাজ পেতে সাহায্য হয় – এ রকমের কিছু কি তোমার স্কুলে করানো হয়? বলো তো, স্কুল এবং কলেজ জীবনের মধ্যে কি কি পার্থক্য?
- ৩ জিসিএসই-র পরে তুমি কোথায় পড়বে? স্কুলেই, নাকি কলেজে? স্কুলে ইউনিফর্ম পড়া সম্পর্কে তোমার মতামত কি?
- ৪ কোর্সওয়ার্ক অথবা পরীক্ষার আগে তুমি কি খুব ভয় পাও? নাকি, আগে থেকেই সব কাজ ঠিকমতো করো? লেখাপড়ার কোনো সমস্যা হলে কার সাথে আলোচনা করো।
- ৫ ভবিষ্যতে তুমি কী হতে চাও? এ নিয়ে কারো সঙ্গে কথা বলেছো? তিনি কী বলেছেন? এর জন্যে এখন থেকেই তোমার কি কি করা উচিত?

Holidays

- ১ ছুটিতে তুমি কোন দেশে যেতে পছন্দ করবে? কেন? যাবার আগে কি কি করতে হবে? গুছিয়ে বলো।
- ২ কোনো দিন বাংলাদেশে গেছো? কবে গিয়েছিলে? যদি সেখানে বেড়াতে যাও, তবে সেখানে কি কি দেখবে? কি কি করবে?
- ৩ লোকেরা সাধারণত বছরের কোন সময়ে বেড়াতে যায়? কেন তখন যায়? বুঝিয়ে বলো।
- ৪ মনে করো, তুমি বাংলাদেশ থেকে লন্ডনে ফিরে আসছো? কি কি জিনিস তুমি সঙ্গে আনতে পারবে, আর কি কি আনতে পারবে না? বলতে পারো?
- ৫ তুমি কি কখনো রেস্টুরেন্টে খেয়েছো? সেটা কি ধরনের রেস্টুরেন্ট ছিলো? হলিডেতে গিয়ে কোন ধরনের খাবার খেয়েছো? কি ধরনের খাবার তোমার পছন্দ?

Environment

- ১ কিভাবে আমরা আমাদের পরিবেশকে দূষিত করছি? এ বিষয়ে দু-একটা উদাহরণ দাও।
- ২ কিভাবে আমরা এই দূষণ কমাতে পারি? শহরের চাইতে গ্রামে পরিবেশ-দূষণ কম হয় কেন?
- ৩ রি-সাইকলিং কী? কি কি রিসাইকেল করা যায়?
- ৪ তোমাকে দায়িত্ব দিলে পরিবেশ ভালো রাখার জন্যে তুমি কি কি করবে? এ বিষয়ে তুমি কি কখনো কিছু করেছো? বুঝিয়ে বলো?

- ৫ আমাদের বাড়ি এবং এলাকা ভালো রাখার ব্যাপারে আমাদের কি কোনো দায়িত্ব আছে? কি কি দায়িত্ব? আমরা কী করতে পারি? গুছিয়ে বলো।

Relationships and Choices

- ১ তোমার নিজের কথা বলো। তোমার পরিবারে কজন মানুষ? কে কি করে?
- ২ তোমার বন্ধুদের কথা বলো। এদের মধ্যে কে তোমার সবচেয়ে প্রিয়? কেন? তার কথা বলো। তোমার বন্ধুরা কি তোমাদের বাড়িতে আসে? তুমি কি তাদের বাড়িতে যাও? এক সঙ্গে তোমরা কি কি করো?
- ৩ বাংলাদেশে তোমার কে কে থাকে? সে দেশে বেড়াতে গেলে কোথায় এবং কার সঙ্গে থাকো? সেখান থাকতে তোমার কেমন লাগে?
- ৪ কখনো কোনো ভলান্টারি ওয়ার্ক করেছো? অথবা চ্যারিটির জন্যে ফান্ড রেইজ করেছো? কি করেছো? কোথায় করেছো? আচ্ছা, কখনো তোমার গরিবদের জন্যে কিছু করতে ইচ্ছা করে? সুযোগ পেলে তুমি কি করতে চাইবে?
- ৫ তোমার ভবিষ্যতের পরিকল্পনা কি? লেখাপড়া করবে, নাকি কাজ করবে? লেখাপড়া শেষ করার আগেই বাবা-মা যদি তোমার বিয়ের ব্যবস্থা করেন, তা হলে কি করবে? বিয়ে, নাকি লেখাপড়া? বুঝিয়ে বলো।

Health

- ১ স্বাস্থ্য ভালো রাখার জন্যে কি কি করা উচিত? কি ধরনের খাবার স্বাস্থ্যের জন্যে ভালো? কি ধরনের খাবার স্বাস্থ্যের জন্যে খারাপ?
- ২ জিমে যাওয়া, সাঁতার কাটা, ফুটবল খেলা – এর মধ্যে কোনটা তোমার বেশি পছন্দ? তুমি আর তোমার বন্ধুরা স্কুলে কি ধরনের ব্যায়াম করো?
- ৩ আজকাল ছেলেমেয়েদের মধ্যে মাদক অথবা ড্রাগসের নেশা অনেক বেড়ে গেছে। এটা সমাজে অনেক ক্ষতি করছে। এ বিষয়ে তুমি কী মনে করো?
- ৪ ধূপপান করে অর্থাৎ সিগারেট খায় – এমন কাউকে তুমি জানো? সে কে? সিগারেট শরীরের জন্যে কি কি ক্ষতি করে, তুমি বলতে পারো?
- ৫ তোমার যদি ফু হু হয়, তা হলে তুমি কী করবে? কি কি খাবে? কি করা তোমার উচিত হবে না? গুছিয়ে বলো।

Home and Local Area

- ১ তুমি কোথায় থাকো? তোমাদের বাড়িটা কেমন, বর্ণনা করো। তোমার কি আলাদা রুম আছে? রুমে কি কি আছে বলো।
- ২ স্কুলের পর বাড়িতে গিয়ে কি কি করো? গত শনিবার কী করেছিলে? গুছিয়ে বলো।
- ৩ বাড়িতে তুমি কি কি কাজ করো? ছোটো ভাইবোনদের জন্যে তোমাকে কি কি করতে হয়?
- ৪ তোমাদের বাড়িতে কি কি উৎসব পালন করা হয়? কারো জন্মদিন পালন করো? সেদিন কি কি করো? তার জন্যে আগে থেকে কি কি করতে হয়? ঈদের দিনে কি কি করো?
- ৫ তোমাদের এলাকাটা কেমন? এখানে থাকার সুবিধা-অসুবিধা কি কি? তোমাদের বয়সী ছেলেমেয়েদের খেলাধুলা বা সময় কাটানোর জন্যে কি কি ব্যবস্থা আছে? গুছিয়ে বলো।